

# Schick ম্যানস কর্নার



বিভিন্ন ধরনের ফাঙ্গাল ইনফেকশনের সম্ভাবনা থাকে। বর্ষার স্যাঁতসেঁতে আবহাওয়ায় চুল বেশি পরিমাণে পড়ে ও তেলতেলে খুশকির সমস্যা দেখা যায়। খুশকি দূর করতে পাতিলেবুর রস অবদান। এছাড়া দু চামচ আমলা, নিমপাতা, শিকাকাই ও আমলকীর গুঁড়ো একটি ডিম ও টক দইয়ের সঙ্গে মিশিয়ে মাথায় লাগালে চুল পড়া কমবে। চেষ্টা করবেন চুল শুকিয়ে আঁচড়াতে।

## যখন শীত

ঠান্ডার জন্য অনেকেই এ সময় শ্যাম্পু করতে চান না। অথচ এই অপরিষ্কার স্ক্যাল্প থেকেই চুল পড়া ও চুলের অন্যান্য সমস্যা শুরু হয়। শুকনো খুশকি থেকে মুক্তি পেতে ১ চামচ পাতিলেবুর রস, ১ চামচ ভিনিগার, ১ চা চামচ আদার রস ও ১ চা চামচ রসুনের রস পানির সঙ্গে

মিশিয়ে পুরো স্ক্যাল্পে লাগিয়ে রাখুন আধ ঘণ্টা থেকে চল্লিশ মিনিট। এরপর ভেজ শ্যাম্পু দিয়ে ধুয়ে ফেলুন। নারকেল তেল ও কপূর মিশিয়ে মাথায় লাগালে খুশকি কমবে। ছোট পেঁয়াজের রস মাথায় লাগালে খুশকি কমে ও চুলের বৃদ্ধি ঘটে। রক্ষতা ও শ্রীহীনতা দূর করতে সপ্তাহে একদিন একটি ডিম, দু'চামচ মধুর সঙ্গে দু চামচ অলিভ অয়েল মিশিয়ে পুরো চুলে লাগিয়ে রাখুন এক ঘণ্টা। ভেজ শ্যাম্পু দিয়ে চুল ধুয়ে ফেলুন। নিয়মিত করলে চুল হয়ে উঠবে মসৃণ।

## শোভন কবীর

ছবি : সোহেল রানা রিপন

## চুলের মৌসুমি যত্ন

### ■ গ্রীষ্ম ■ বর্ষা ■ শীত

গ্রীষ্মের প্রচণ্ড ঘামে মাথার তালু অর্থাৎ স্ক্যাল্প সর্বদাই ভেজা থাকে। এর ওপর বাইরের ধুলোবালি, ময়লা সহজেই মাথার ঘামের সঙ্গে মিশে যায়। ফলে শুরু হয় চুলের নানা সমস্যা- চুল পড়া, খুশকি, বিভিন্ন ফাঙ্গাল ইনফেকশন ইত্যাদি। এ ছাড়া গ্রীষ্মের প্রখর সূর্যরশ্মি ও তাপ চুলকে শুষ্ক করে তোলে। গ্রীষ্মে একদিন পর পর ভেজ শ্যাম্পু দিয়ে চুল ধুয়ে অবশ্যই কন্ডিশনার লাগাবেন। সপ্তাহে একদিন শ্যাম্পু করার এক ঘণ্টা আগে চুলে তেল লাগাবেন। চুলের শুষ্কতা দূর করতে একটি পাকা কলা, আধখানা পাকা পেঁপে ও তিন চামচ মধু দিয়ে প্যাক বানিয়ে পুরো চুলে লাগান সপ্তাহে দুদিন। নিয়মিত করলে অচিরেই রক্ষ-শুক চুল হয়ে উঠবে কুসুম কোমল।

### যখন বর্ষা

বৃষ্টির পানি মাথায় লাগলে অবশ্যই বাড়ি ফিরে চুল শ্যাম্পু করবেন। কারণ বৃষ্টির পানি মাথায় জমলে



**face the race of SMARTNESS**

Just rely on KvT&

from USA

INDIVIDUAL PACK

NO SLIP RUBBER GRIP

ONE PUSH CLEANING VITAMIN-E GEL

DOUBLE BLADES

BLADE PROTECTOR

For all these smart qualities in one razor, try Schick.

Start your morning smartly.

**Schick**  
SMART RAZOR

because you're smart